গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, শিক্ষা মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৬ - জুন ৩০, ২০১৭

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৫

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................ ১৬

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............................. ২০

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

রূপকল্প ২০২১ বাস্তবায়ন, সবার জন্য মানসম্মত শিক্ষার সুযোগ সৃষ্টি ও কাঙ্ক্ষিত সময়ে মধ্যম আয়ের দেশে উত্তরণের জন্য দক্ষ মানবসম্পদ সৃষ্টি এবং শিক্ষাকে দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ার প্রধান হাতিয়ার হিসাবে পরিণত করার লক্ষ্যে জাতীয় শিক্ষানীতি-২০১০ বাস্তবায়ন, শিক্ষার্থীদের নিকট বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ, উপবৃত্তি প্রদান, শিক্ষক প্রশিক্ষণ, ভৌত অবকাঠামো নির্মাণ ও সম্প্রসারণ, শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণসহ শিক্ষা মন্ত্রণালয় বহুমুখী দায়িত্ব পালন করছে। ২০১২ হতে ২০১৬ সাল পর্যন্ত ৩৪টি বেসরকারি কলেজ ও ১৭টি মাধ্যমিক বিদ্যালয় জাতীয়করণ করা হয়েছে। গত ৩ বছরে প্রায় ১৪ কোটি শিক্ষার্থীর মাঝে ৫৯ কোটি ৬১ লক্ষ পাঠ্যপুস্তক বিতরণ, প্রায় ১ কোটি ৩২ লক্ষ ৮ হাজার শিক্ষার্থীকে উপবৃত্তি প্রদান করা হয়েছে। ৩১৫টি উপজেলাকে লক্ষ্য ধরে ২৯৫টি বেসরকারি বিদ্যালয়কে মডেল বিদ্যালয়ে রূপান্তর, ৩৫টি মাদ্রাসাকে মডেল মাদ্রাসায় রূপান্তর, শিক্ষকসহ শিক্ষা সংশ্লিষ্ট ৫,৪৩,৭৮৪ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উচ্চ শিক্ষার প্রসারে ৫টি পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপন, বিশ্ববিদ্যালয়গুলোকে BdREN এর আওতায় যুক্ত করার লক্ষ্যে ইতোমধ্যে ৩৬টি বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম সম্পন্ন হয়েছে। অভ্যন্তরীণ এবং আন্তর্জাতিক শ্রমবাজারের চাহিদা উপযোগী কারিগরি ও দক্ষ মানবসম্পদ সৃষ্টির লক্ষ্যে ৩২০০ কারিগরি প্রতিষ্ঠানকে পাঠদানের অনুমতি প্রদান, কারিগরি শিক্ষায় ভর্তির হার ১৩.১০ এ উন্নীতকরণ এবং ৬৮ হাজার কারিগরি শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মাদ্রাসা শিক্ষাকে বিজ্ঞানসম্মত ও বাস্তবমুখী করার পরিকল্পনা বাস্তবায়নে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কার্যক্রম শুরু হয়েছে। সমসাময়িক বৈশ্বিক প্রবণতার পরিপূরক তথ্য-প্রযুক্তি ভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তনের লক্ষ্যে ইন্টারনেট-নির্ভর ইন্টারেকটিভ পাঠদান চালু, ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পাদন এবং শিক্ষা ব্যবস্থাপনা ডিজিটাইজেশন করে একটি আধুনিক, বিজ্ঞানমনস্ক ও আন্তর্জাতিক পরিসরে প্রতিযোগিতায় সক্ষম মানবসম্পদ সৃষ্টিতে শিক্ষা মন্ত্রণালয় কাজ করছে। ইতোমধ্যে ১২৫টি উপজেলায় আই.সি.টি. রিসোর্স সেন্টার, ৩৫৫০টি শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব ও ২৩,৩৩১টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান চ্যালেঞ্জসমূহ হচ্ছে মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ঝড়ে পড়া হ্রাস, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামো নির্মাণ ও বিদ্যমান কাঠামোসমূহের সম্প্রসারণ, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও.ভুক্ত ও সরকারিকরণ এবং সর্বোপরি আন্তর্জাতিক পরিসরে প্রতিযোগিতায় সক্ষম মানব সম্পদ সৃষ্টির জন্য শিক্ষার সামগ্রিক ও বিশ্বজনীন মানোন্নয়ন।

**ভবিষ্যৎ পরিকল্পনাসমূহ:**

সরকারি স্কুল ও কলেজবিহীন প্রতিটি উপজেলায় অন্ততঃ একটি স্কুল ও কলেজকে সরকারিকরণ, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষায় শিক্ষার্থীর হার ২০ শতাংশে উন্নীত করা, শিক্ষা ব্যবস্থাপনার মানোন্নয়ন ও শিক্ষা আইন প্রণয়ন।

**২০১৬-১৭ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০১৭ শিক্ষা বর্ষের প্রারম্ভেই সকল পর্যায়ের ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণির শিক্ষার্থীদের মধ্যে ২৩ কোটি ৪৪ লক্ষ পাঠ্যপুস্তক বিতরণ;
- ২০১৬-১৭ অর্থ বছরে ৪০ লক্ষ ছাত্র-ছাত্রীকে উপবৃত্তি প্রদান;
- পাবলিক পরীক্ষাসমূহের ফলাফল ৬০ দিনের মধ্যে প্রকাশ;
- ২.৫ লক্ষ শিক্ষক ও আই.এম.সি. সদস্যদের প্রশিক্ষণ প্রদান;
- কারিগরি শিক্ষায় শিক্ষার্থীদের হার শতকরা ১৪.৮১ এ উন্নীতকরণ এবং
- উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানসমূহে একাডেমিক প্রোগ্রামের মান নিশ্চিতকরণ (Quality Assurance)।

## উপক্রমণিকা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, শিক্ষা মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৬ সালের আগস্ট মাসের ০৪ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

সবার জন্য মানসম্মত শিক্ষা।

**১.২ অভিলক্ষ্য (Mission)**

সাধারণ, বৃত্তিমূলক, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে সুশিক্ষিত, দক্ষ ও উন্নত নৈতিকতাসম্পন্ন মানব সম্পদ সৃষ্টি।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. মানসম্মত মাধ্যমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও মাদ্‌রাসা শিক্ষা যুগোপযোগীকরণ;

২. কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রসারের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক শ্রমবাজার উপযোগী দক্ষ জনবল বৃদ্ধি;

৩. শিক্ষার উচ্চতর স্তরে (Tertiary Level) সাধারণ বিজ্ঞান, প্রযুক্তি, ফলিত এবং কারিগরি ও ব্যবসা শিক্ষার অধিকতর প্রসারসহ উচ্চ শিক্ষার সার্বিক মানোন্নয়ন;

৪. শিক্ষা ব্যবস্থাপনার মানোন্নয়ন;

৫. শিক্ষা ক্ষেত্রে ন্যায্যতা ও সমতা (equity & equality) অন্তর্ভূক্তি (inclusiveness) নিশ্চিতকরণ;

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা

২. কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন

৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন

৪. কর্ম পরিবেশ উন্নয়ন

৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কারিগরি ও বৃত্তিমূলক এবং উচ্চ শিক্ষার মানোন্নয়নে গবেষণা, প্রশিক্ষণ, নীতিমালা ও প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন এবং পরিবীক্ষণ ও মূল্যায়ন;

২. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কারিগরি ও বৃত্তিমূলক এবং উচ্চ শিক্ষা সংক্রান্ত প্রশাসনিক নীতি প্রণয়ন ও সংস্কার এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক নিবন্ধন ও আর্থিক সহায়তা প্রদান;

৩. বিশেষায়িত বিশ্ববিদ্যালয় স্থাপন ও ওপেন এডুকেশনাল রিসোর্স তৈরি;

৪. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, কারিগরি এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ের পাঠ্যক্রম প্রণয়ন ও উন্নয়ন;

৫. মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিনামূল্যে বিতরণ;

৬. মানসম্মত শিক্ষা নিশ্চিতকল্পে শিক্ষক প্রশিক্ষণ;

৭. আধুনিক শিক্ষা অবকাঠামো নির্মাণ, শিক্ষা প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড সংযোগ, মাল্টিমিডিয়া বই, শ্রেণি কক্ষে পাঠদানে আইসিটি ব্যবহার এবং শিক্ষা ব্যবস্থাপনায় আইসিটির বাস্তব প্রয়োগ;

৮. জীবনব্যাপী শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি ও সুযোগের প্রসার এবং

৯. শিক্ষানীতির সুপারিশ বাস্তবায়ন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাধ্যমিক স্তরের স্কুলগামী ছাত্র-ছাত্রীদের সংখ্যা বৃদ্ধি | স্কুলগামী ছাত্র-ছাত্রীদের হার | % | ৬৯.২৩ | ৭২.৭৮ | ৭৬.৪২ | ৮০.২৪ | ৮৪.২৫ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | মন্ত্রণালয়, মা.উ.শি.অ. ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |
| মাধ্যমিক স্তরে ঝরে পরা শিক্ষার্থীদের সংখ্যা হ্রাস | ঝরে পরা শিক্ষার্থীদের হার | % | ৪১.৫৯ | ৪০.২৯ | ৩৯.৫১ | ৩৭.৫৩ | ৩৫.৬৫ | স্থানীয় সরকার বিভাগ | মন্ত্রণালয়, মা.উ.শি.অ. ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |
| উচ্চ মাধ্যমিক স্তরের কলেজগামী ছাত্র-ছাত্রীদের সংখ্যা বৃদ্ধি | কলেজগামী ছাত্র-ছাত্রীদের হার | % | ৩৬.৯৭ | ৩৮.৯৯ | ৪০.৪৬ | ৪২.৮০ | ৪৫.০০ | | মন্ত্রণালয়, মা.উ.শি.অ. ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |
| উচ্চ মাধ্যমিক স্তরে ঝরে পরা শিক্ষার্থীদের সংখ্যা হ্রাস | ঝরে পরা শিক্ষার্থীদের হার | % | ২১.৩৭ | ২০.৭০ | ২০.৩০ | ১৯.৩৯ | ১৮.৩২ | স্থানীয় সরকার বিভাগ | মন্ত্রণালয়, মা.উ.শি.অ. ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |
| উচ্চ মাধ্যমিক স্তরে ছাত্র-ছাত্রীদের সমতা (জেন্ডার সমতা নিশ্চিতকরণ ও নারীর ক্ষমতায়ন) | ছাত্র-ছাত্রীদের অনুপাত (ছাত্র : ছাত্রী) | % | ৫২:৪৮ | ৫৪:৪৬ | ৫০:৫০ | ৫০:৫০ | ৫০:৫০ | স্থানীয় সরকার বিভাগ | মন্ত্রণালয়, মা.উ.শি.অ. ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |
| পেশাগত ডিগ্রি অর্জনকারীর সংখ্যা বৃদ্ধি (দেশে ও বিদেশে কর্মসংস্থানের মাধ্যমে জাতীয় অর্থনীতি শক্তিশালী ও সংহতকরণ) | ডিগ্রি অর্জনকারীদের হার | % | ২.২৩ | ২.৬১ | ২.৯৯ | ৩.৩৭ | ৩.৭৫ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | মন্ত্রণালয়, ইউ.জি.সি. ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |
| ডিগ্রি/পোস্ট গ্রাজুয়েট স্তরে শিক্ষিত জনসংখ্যা বৃদ্ধি (দেশে ও বিদেশে কর্মসংস্থানের মাধ্যমে জাতীয় অর্থনীতি শক্তিশালী ও সংহতকরণ) | ডিগ্রী/ পোস্ট গ্রাজুয়েটের হার | % | ৩.৬৬ | ৩.৭১ | ৩.৭৬ | ৩.৮১ | ৩.৮৬ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | মন্ত্রণালয়, ইউ.জি.সি. ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |
| উচ্চ শিক্ষা স্তরে ছাত্রীর সংখ্যা বৃদ্ধি (জেন্ডার সমতা নিশ্চিতকরণ ও নারীর ক্ষমতায়ন) | উচ্চশিক্ষা স্তরে ছাত্রীদের হার | % | ১৩.৩০ | ১৫.০৩ | ১৬.৭০ | ১৮.৪০ | ২০.১০ | মহিলা ও শিশু বিষয়ক | মন্ত্রণালয়, ইউ.জি.সি. ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |
| কারিগরি শিক্ষায় শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি ( দক্ষ মানবসম্পদের মাধ্যমে জাতীয় অর্থনীতিতে দক্ষ কর্মশক্তির অভাব পূরণ) | কারিগরি শিক্ষায় শিক্ষার্থীদের হার | % | ১৩.১১ | ১৩.১১ | ১৪.৮১ | ১৬.৮১ | ১৮.২১ | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | মন্ত্রণালয়, কা.শি.অ. ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] মানসম্মত মাধ্যমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও মাদ্রাসা শিক্ষা যুগোপযোগীকরণ; | ৩০ | [১.১] অনগ্রসর এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ | [১.১.১] নতুন নির্মিত ভবন | সংখ্যা | ২.০০ | ২০০ | ৩১০ | ৩০০ | ২৯০ | ২৮০ | ২৭০ | ২৬০ | ৪৭৫ | ৭৫ |
| | | [১.২] শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নতুন ভবন স্থাপন | [১.২.১] স্থাপনকৃত নতুন ভবন | সংখ্যা | ২.৫০ | ৫০০ | ৪০৫৫ | ৮০০০ | ৭৮০০ | ৭৬০০ | ৭৪০০ | ৭২০০ | ৯০০০ | ১৫৭৫ |
| | | [১.৩] শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান ভবনের মেরামত সংস্কার ও সম্প্রসারণ | [১.৩.১] শিক্ষা প্রতিষ্ঠানের ভবন মেরামত ও সংস্কার | সংখ্যা | ২.০০ | ১০৭০ | ১৫০০ | ৩৫০০ | ৩৪৫০ | ৩৪০০ | ৩৩৫০ | ৩৩০০ | ৫০০০ | ৪০০০ |
| | | [১.৪] উপজেলা আই.সি.টি. ট্রেনিং ও রিসোর্স সেন্টার স্থাপন | [১.৪.১]স্থাপিতরিসোর্স সেন্টার | সংখ্যা | ০.৫০ | ০ | ১২৫ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ১৬০ |
| | | [১.৫] নির্ধারিত সময়ে পাবলিক পরীক্ষার ফলাফল প্রকাশ | [১.৫.১] পরীক্ষা সমাপ্ত এবং ফল প্রকাশের মধ্যবর্তী সময় | দিন | ৩.০০ | ৫৭ | ৫৭ | ৬০ | ৬২ | ৬৪ | ৬৬ | ৬৮ | ৬০ | ৬০ |
| | | [১.৬] মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদান | [১.৬.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ২.৮৩ | ২.৮৬ | ২.৪০ | ২.৩০ | ২.২০ | ২.১০ | ২.০০ | ১.০০ | ০.৭০ |
| | | [১.৭] মাল্টিমিডিয়া ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান | [১.৭.১] মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদান | সংখ্যা (লক্ষ) | ২.০০ | | ৪.৯০ | ৫ | ৪.৫০ | ৪.২৫ | ৪.০০ | ৩.৯৫ | ৫.২৫ | ৫.৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [১.৮] তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহে একাডেমিক ভবন নির্মাণ ও সম্প্রসারণ | [১.৮.১] নির্মিত / সম্প্রসারিত বেসরকারি কলেজ | সংখ্যা | ৩.০০ | | ৯৯ | ৩০১ | ২৭০ | ২৫০ | ২৩০ | ২০০ | ৭০০ | ৪০০ |
| | | [১.৯] আই.সি.টি. বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ | [১.৯.১] আই.সি.টি. তে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৩.৫০ | ৮৫০ | ১০০০ | ১০০০ | ৯০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ১০০০ | ১০০০ |
| | | [১.১০] ১লা জানুয়ারী তারিখে সকল শিক্ষার্থীর নিকট পাঠ্যপুস্তক বিতরণ | [১.১০.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | সংখ্যা | ৫.০০ | ১৯.৮৯ | ২১.৪৪ | ২৩.৪৪ | ২৩.০০ | ২২.৫০ | ২২.০০ | ২১.৫০ | ২৪.৭৩ | ২৬.৯৮ |
| | | [১.১১] ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে অতিরিক্ত ক্লাশ বাস্তবায়ন | [১.১১.১] অতিরিক্ত ক্লাশের জন্য নিয়োগকৃত শিক্ষক | সংখ্যা | ২.৫০ | ৯৮৬ | ৩৪০৬ | ১৫০০ | ১৪৫০ | ১৪০০ | ১৩৫০ | ১৩০০ | | |
| [২] কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা প্রসারের মাধ্যমে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক শ্রমবাজার উপযোগী দক্ষ জনবল বৃদ্ধি; | ১৬ | [২.১] কারিগরি ও বৃত্তিমূলক বিষয়ে শিক্ষার্থীদের প্রশিক্ষণ | [২.১.১] এস.এস.সি. ও এইচ.এস.সি. (ভোক) পর্যায়ে উত্তীর্ণ শিক্ষার্থী | সংখ্যা (হাজার) | ৩.৫০ | ১০ | ২২ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ২১ | ২৬ | ২৭ |
| | | | [২.১.২] ডিপ্লোমা পর্যায়ে উত্তীর্ণ শিক্ষার্থী | সংখ্যা (হাজার) | ৩.৫০ | ৩৬ | ৩৬ | ৪০ | ৩৯ | ৩৮ | ৩৭ | ৩৬ | ৪৫ | ৫০ |
| | | [২.২] শিক্ষক ও আই.এম.সি. সদস্যদের টি.ভি.ই.টি. প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষিত শিক্ষক ও আই.এম.সি. সদস্য | সংখ্যা (হাজার) | ৪.৫০ | ৫.৭০ | ৬.৮০ | ৮.০০ | ৭.৮০ | ৭.৬০ | ৭.৪০ | ৭.২০ | ৮.৫০ | ৯.০০ |
| | | [২.৩] পাঠ্যক্রম যুগোপযোগী করে বিকাশমান ট্রেড ও টেকনোলজি কোর্স চালু | [২.৩.১] চালুকৃত নতুন ট্রেড ও টেকনোলজি কোর্স | সংখ্যা | ৪.৫০ | ৪ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১৫ | ১৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৩] শিক্ষার উচ্চতর স্তরে (Tertiary Level) সাধারণ বিজ্ঞান, প্রযুক্তি, ফলিত এবং কারিগরি ও ব্যবসা শিক্ষার অধিকতর প্রসারসহ উচ্চ শিক্ষার সার্বিক মানোন্নয়ন; | ১৫ | [৩.১] নতুন নতুন বিশ্ববিদ্যালয় (প্রকৌশল ও প্রযুক্তি, কৃষি ও সাধারণ) স্থাপন | [৩.১.১] প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় | সংখ্যা | ১.৫০ | ৫ | ২ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৩ | ২ |
| | | [৩.২] বিশ্ববিদ্যালয়সমূহের ভৌত অবকাঠামো উন্নয়ন | [৩.২.১] ভৌত অবকাঠামো উন্নয়ন | সংখ্যা | ২.০০ | ৬০ | ৯০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ১০০ | ১০৫ |
| | | [৩.৩] বিশ্ববিদ্যালয়সমূহে বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সরবরাহ | [৩.৩.১] বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সরবরাহ | সংখ্যা | ২.০০ | ৩০ | ৫০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫৫ |
| | | [৩.৪] বিশ্ববিদ্যালয়সমূহে আই.সি.টি./আই.টি. কোর্স চালুকরণ | [৩.৪.১] আই.সি.টি./আই.টি. কোর্স চালু | সংখ্যা | ২.০০ | ১০ | ১০ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| | | [৩.৫] বিশ্ববিদ্যালয়সমূহে নতুন বিভাগ চালুকরণ | [৩.৫.১] নতুন বিভাগ চালু | সংখ্যা | ২.০০ | ৫ | ৫ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৭ | ৮ |
| | | [৩.৬] দেশের বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থী ও গবেষকদের মধ্যে অনুসন্ধানী তত্ত্ব ও উপাত্ত বিনিময়ের মাধ্যমে সামাজিক গবেষণার ক্ষেত্র তৈরির জন্য একটি নেটওয়ার্ক চালু | [৩.৬.১] নেটওয়ার্ক চালু | সংখ্যা | ২.০০ | ৪০ | ৪০ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | ৪৫ | ৫০ |
| | | [৩.৭] শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা | [৩.৭.১] গবেষণা সম্পাদন | সংখ্যা | ২.০০ | ৪২ | ৪৫ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ৪৫ | ৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| | | [৩.৮] প্রাতিষ্ঠানিক পর্যায়ে মান নিশ্চিতকরণ ব্যবস্থাপনা সেলের মাধ্যমে একাডেমিক প্রোগ্রাম মূল্যায়ন | [৩.৮.১] মূল্যায়িত একাডেমিক প্রোগ্রাম | সংখ্যা | ১.৫০ | | ২৫৯ | ৩৬০ | ৩২৫ | ৩০০ | ২৭৫ | ২৬০ | ২৬৩ | ৫৭ |
| [৪] শিক্ষা ব্যবস্থাপনার মানোন্নয়ন; | ১০ | [৪.১] মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যালয়ের কৃতি ভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতি (পি.বি.এম.) প্রবর্তন ও আই.সা.স. রিপোর্ট প্রণয়ন | [৪.১.১] অর্ন্তভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান | সংখ্যা (হাজার) | ৩.০০ | ১৭.৫ | ১৮.৩৪ | ১৮.৫০ | ১৮ | ১৭.৫০ | ১৭ | ১৬.৫০ | ১৮.৫০ | ১৮.৫০ |
| | | [৪.২] শিক্ষা সংক্রান্ত গবেষণা পরিচালনা | [৪.২.১] পরিচালনাকৃত গবেষণা | সংখ্যা | ৩.০০ | ১২ | ১৩ | ১৫ | ১৩ | ১১ | ৯ | ৭ | ১৫ | ১৫ |
| | | [৪.৩] বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন ও নিরীক্ষা | [৪.৩.১] পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান | সংখ্যা | ৪.০০ | ২৩০৮ | ৩৬৪৭ | ২৯০০ | ২৭৫০ | ২৫০০ | ২৩৫০ | ২২০০ | ৩৭৫০ | ৩৮০০ |
| [৫] শিক্ষা ক্ষেত্রে ন্যায্যতা ও সমতা (equity & equality) অন্তর্ভূক্তি (inclusiveness) নিশ্চিতকরণ; | ৯ | [৫.১] নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরে উপযুক্ত ছাত্র-ছাত্রীদের এবং উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি স্তরে ছাত্রীদের উপবৃত্তি প্রদান | [৫.১.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | সংখ্যা (লক্ষ) | ৫.০০ | ৪৯.০৮ | ৫৯.৩৭ | ৪০ | ৩৯ | ৩৮.৫০ | ৩৮ | ৩৭.৫০ | ৩৫ | ৩৪.৫০ |
| | | [৫.২] পাবলিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষার্থীদের বৃত্তি প্রদান | [৫.২.১] বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ১.৫০ | ২.২৪ | ২.২০ | ২.১০ | ২.০০ | ১.৯০ | ১.৮০ | ২.২৪ | ২.২৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৬ | [১.১] ২০১৬-১৭ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৫-০৫-২০১৬ | ১৬-০৫-২০১৬ | ১৭-০৫-২০১৬ | ১৮-০৫-২০১৬ | ১৯-০৫-২০১৬ | | |
| | | [১.২] ২০১৫-১৬ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৮-২০১৬ | ১৬-০৮-২০১৬ | ১৭-০৮-২০১৬ | ১৮-০৮-২০১৬ | ২১-০৮-২০১৬ | | |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০১-২০১৭ | ০১-০২-২০১৭ | ০২-০২-২০১৭ | ০৫-০২-২০১৭ | ০৬-০২-২০১৭ | | |
| | | [১.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [১.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ৩০-০৬-২০১৬ | | | | | | |
| | | [১.৬] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৬.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ | | | | | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন | [২.১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তিত | তারিখ | ১.০০ | | | ২৮-০২-২০১৭ | ৩০-০৩-২০১৭ | ৩০-০৪-২০১৭ | ৩১-০৫-২০১৭ | ২৯-০৬-২০১৭ | | |
| | | [২.২] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | [২.২.১] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারিকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক অনলাইন সেবা চালুর লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় অধিকসংখ্যক সেবাপ্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে সেবাসমূহের পূর্ণাঙ্গ তালিকা প্রণীত এবং অগ্রাধিকার নির্ধারিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ০৭-১২-২০১৬ | ১৪-১২-২০১৬ | ২১-১২-২০১৬ | ২৮-১২-২০১৬ | | |
| | | [২.৪] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.৪.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৪-২০১৫ | প্রকৃত অর্জন* ২০১৫-২০১৬ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৬-২০১৭ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৩.১.১] প্রশিক্ষণের সময়* | জনঘন্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৩.২] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.২.১] ২০১৬-১৭ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৭-২০১৬ | ১৪-০৮-২০১৬ | | | | | |
| | | | [৩.২.২] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৪ | ৩ | ২ | | | | |
| [৪] কর্ম পরিবেশ উন্নয়ন | ৩ | [৪.১] অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা | [৪.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.২] সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার (waiting room) এর ব্যবস্থা করা | [৪.২.১] নির্ধারিত সময়সীমার মধ্যে সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| | | [৪.৩] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [৪.৩.১] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৬ | ৩১-১২-২০১৬ | ৩১-০১-২০১৭ | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | | |
| | | [৫.২] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.২.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৬ | ২৯-১০-২০১৬ | ১৫-১১-২০১৬ | ৩০-১১-২০১৬ | ১৫-১২-২০১৬ | | |
| [৬] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ১ | [৬.১] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৬.১.১] বছরে অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, শিক্ষা মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

০৪.০৮.২০১৬

সচিব
শিক্ষা মন্ত্রণালয়

তারিখ

০৪.০৮.২০১৬

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | কা. শি. অ. | কারিগরি শিক্ষা অধিদপ্তর |
| ২ | মা. উ. শি. অ. | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর |
| ৩ | ব্যানবেইস | বাংলাদেশ ব্যুরো অফ এডুকেশনাল ইনফরমেশন এন্ড স্ট্যাটিসটিকস |
| ৪ | নায়েম | ন্যাশনাল একাডেমি ফর এডুকেশনাল ম্যানেজমেন্ট |
| ৫ | ইফা | এডুকেশন ফর অল |
| ৬ | এস. বি. এ. | স্কুল বেইজড এ্যাসেসম্যান্ট |
| ৭ | এম. ডি. জি. | মিলিনিয়াম ডেভেলাপমেন্ট গোল্স |
| ৮ | বি. ডি. রে. ন. | বাংলাদেশ রিসার্চ এন্ড এডুকেশনাল নেটওয়ার্ক |
| ৯ | ডি. আই. এ. | ডাইরেক্টরেট অফ অডিট এন্ড ইন্সপেকশন |
| ১০ | ই. ই. ডি. | এডুকেশনাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ১১ | এন. সি. টি. বি. | ন্যাশনাল কারিকুলাম এন্ড টেক্সটবুক বোর্ড |
| ১২ | ইউ. জি. সি. | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন |
| ১৩ | এস. পি. বি. এম. | স্কুল পারফরমেন্স বেইজ ম্যানেজমেন্ট সিস্টেম |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] অনগ্রসর এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন নির্মাণ | [১.১.১] নতুন নির্মিত ভবন | ভৌগলিকভাবে অনগ্রসর এলাকায় নতুন শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন | এডুকেশনাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট | এডুকেশনাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর পরিমাপ পদ্ধতির আলোকে শিক্ষা প্রতিষ্ঠানের নতুন নির্মিত ভবন সংখ্যা | মন্ত্রণালয় ও ই. ই. ডি. এর বার্ষিক প্রতিবেদন |
| [১.২] শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নতুন ভবন স্থাপন | [১.২.১] স্থাপনকৃত নতুন ভবন | শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ভবন স্থাপন | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও এডুকেশনাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট | এডুকেশনাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর পরিমাপ পদ্ধতির আলোকে স্থাপনকৃত নতুন ভবন সংখ্যা | মন্ত্রণালয়, মা.উ.শি.অ. ও ই.ই.ডি. এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] শিক্ষা প্রতিষ্ঠানসমূহের বিদ্যমান ভবনের মেরামত সংস্কার ও সম্প্রসারণ | [১.৩.১] শিক্ষা প্রতিষ্ঠানের ভবন মেরামত ও সংস্কার | শিক্ষা প্রতিষ্ঠানের ভবন মেরামত ও সংস্কার | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও এডুকেশনাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট | এডুকেশনাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর পরিমাপ পদ্ধতির আলোকে শিক্ষা প্রতিষ্ঠানের ভবন মেরামত ও সংস্কার সংখ্যা | মন্ত্রণালয়, মা.উ.শি. ও ই.ই.ডি. এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] উপজেলা আই.সি.টি. ট্রেনিং ও রিসোর্স সেন্টার স্থাপন | [১.৪.১] স্থাপিত রিসোর্স সেন্টার | রিসোর্স সেন্টার স্থাপন | বাংলাদেশ ব্যুরো অফ এডুকেশনাল ইনফরমেশন এন্ড স্ট্যাটিসটিকস | বাংলাদেশ ব্যুরো অফ এডুকেশনাল ইনফরমেশন এন্ড স্ট্যাটিসটিকস এর পরিমাপ পদ্ধতির আলোকে রিসোর্স সেন্টার স্থাপন সংখ্যা | মন্ত্রণালয় ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৫] নির্ধারিত সময়ে পাবলিক পরীক্ষার ফলাফল প্রকাশ | [১.৫.১] পরীক্ষা সমাপ্ত এবং ফল প্রকাশের মধ্যবর্তী সময় | পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার পর নির্ধারিত সময়ের মধ্যে ফল প্রকাশ | শিক্ষা বোর্ডসমূহ | শিক্ষা বোর্ডসমূহের পরিমাপ পদ্ধতির আলোকে পাবলিক পরীক্ষার ফলাফলের দিন নির্ধারন | মন্ত্রণালয় ও শিক্ষা বোর্ড এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে প্রশিক্ষণ প্রদান | [১.৬.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | শিক্ষকগণকে স্ব স্ব বিষয়ে প্রশিক্ষণ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও ন্যাশনাল একাডেমি ফর এডুকেশনাল ম্যানেজমেন্ট | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও ন্যাশনাল একাডেমি ফর এডুকেশনাল ম্যানেজমেন্ট পরিমাপ পদ্ধতির আলোকে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক সংখ্যা | মন্ত্রণালয় মা.উ.শি.অ. ও নায়েম এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] মাল্টিমিডিয়া ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান | [১.৭.১] মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদান | মাল্টিমিডিয়া ব্যবহারের মাধ্যমে শ্রেণি কক্ষে পাঠদান | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর পরিমাপ পদ্ধতির আলোকে মাল্টিমিডিয়ার মাধ্যমে পাঠদানের সংখ্যা | মন্ত্রণালয় ও মা.উ.শি.অ. এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] তথ্য প্রযুক্তির সহায়তায় শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে নির্বাচিত বেসরকারি কলেজসমূহে একাডেমিক ভবন নির্মাণ ও সম্প্রসারণ | [১.৮.১] নির্মিত / সম্প্রসারিত বেসরকারি কলেজ | একাডেমিক ভবন নির্মাণ ও সম্প্রসারণ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | এডুকেশনাল ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট এর পরিমাপ পদ্ধতির আলোকে নির্মিত/সম্প্রসারিত বেসরকারি কলেজের সংখ্যা | মন্ত্রণালয় ও মা.উ.শি.অ. ও ই.ই.ডি. এর বার্ষিক প্রতিবেদন |
| [১.৯] আই.সি.টি. বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ | [১.৯.১] আই.সি.টি. তে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | আই.সি.টি. বিষয়ে শিক্ষকদের প্রশিক্ষণ | বাংলাদেশ ব্যুরো অফ এডুকেশনাল ইনফরমেশন এন্ড স্ট্যাটিসটিকস | বাংলাদেশ ব্যুরো অফ এডুকেশনাল ইনফরমেশন এন্ড স্ট্যাটিসটিকস এর পরিমাপ পদ্ধতির আলোকে আই.সি.টি. তে প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক সংখ্যা | মন্ত্রণালয় ও ব্যানবেইস এর বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১০] ১লা জানুয়ারী তারিখে সকল শিক্ষার্থীর নিকট পাঠ্যপুস্তক বিতরণ | [১.১০.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | ১লা জানুয়ারি পাঠ্যপুস্তক দিবসে শিক্ষার্থীদের মাঝে বই বিতরণ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও ন্যাশনাল কারিকুলাম এন্ড টেক্সটবুক বোর্ড | ন্যাশনাল কারিকুলাম এন্ড টেক্সটবুক বোর্ড এর পরিমাপ পদ্ধতির আলোকে বিতরণকৃত পাঠ্যপুস্তক সংখ্যা | মন্ত্রণালয়, মা.উ.শি. ও এন.সি.টি.বি. এর বার্ষিক প্রতিবেদন |
| [১.১১] ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে অতিরিক্ত ক্লাশ বাস্তবায়ন | [১.১১.১] অতিরিক্ত ক্লাশের জন্য নিয়োগকৃত শিক্ষক | ইংরেজি ও গণিত বিষয়ে অতিরিক্ত ক্লাস বাস্তবায়ন | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর পরিমাপ পদ্ধতির আলোকে অতিরিক্ত ক্লাশের জন্য নিয়োগকৃত শিক্ষকের সংখ্যা | মন্ত্রণালয় ও মা.উ.শি.অ. এর বার্ষিক প্রতিবেদন |
| [২.১] কারিগরি ও বৃত্তিমূলক বিষয়ে শিক্ষার্থীদের প্রশিক্ষণ | [২.১.১] এস.এস.সি. ও এইচ.এস.সি. (ভোক) পর্যায়ে উত্তীর্ণ শিক্ষার্থী | ভোকেশনাল শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদান | কারিগরি শিক্ষা অধিদপ্তর | কারিগরি শিক্ষা অধিদপ্তর এর পরিমাপ পদ্ধতির আলোকে এস. এস. সি. ও এইচ. এস. সি. (ভোক) পর্যায়ে উত্তীর্ণ শিক্ষার্থী সংখ্যা | মন্ত্রণালয় ও কা. শি. অ. এর বার্ষিক প্রতিবেদন |
| | [২.১.২] ডিপ্লোমা পর্যায়ে উত্তীর্ণ শিক্ষার্থী | ডিপ্লোমা শিক্ষার্থীদের প্রশিক্ষণ | কারিগরি শিক্ষা অধিদপ্তর | কারিগরি শিক্ষা অধিদপ্তর এর পরিমাপ পদ্ধতির আলোকে ডিপ্লোমা পর্যায়ে উত্তীর্ণ শিক্ষার্থী সংখ্যা | মন্ত্রণালয় ও কা.শি.অ. এর বার্ষিক প্রতিবেদন |
| [২.২] শিক্ষক ও আই.এম.সি. সদস্যদের টি.ভি.ই.টি. প্রশিক্ষণ প্রদান | [২.২.১] প্রশিক্ষিত শিক্ষক ও আই.এম.সি. সদস্য | কারিগরি শিক্ষকদের পেশাগত প্রশিক্ষণ এবং কমপিটেন্সি বেইজ ট্রেনিং (সি.বি.টি.) প্রদান | কারিগরি শিক্ষা অধিদপ্তর | কারিগরি শিক্ষা অধিদপ্তর এর পরিমাপ পদ্ধতির আলোকে প্রশিক্ষিত শিক্ষক ও আই.এম.সি. সদস্য সংখ্যা | মন্ত্রণালয় ও কা.শি.অ. এর বার্ষিক প্রতিবেদন |
| [২.৩] পাঠ্যক্রম যুগোপযোগী করে বিকাশমান ট্রেড ও টেকনোলজি কোর্স চালু | [২.৩.১] চালুকৃত নতুন ট্রেড ও টেকনোলজি কোর্স | পাঠ্যক্রম যুগোপযোগী করে ইমাজিং ট্রেড ও টেকনোলজি চালু | কারিগরি শিক্ষা অধিদপ্তর | কারিগরি শিক্ষা অধিদপ্তর এর পরিমাপ পদ্ধতির আলোকে চালুকৃত নতুন ট্রেড ও টেকনোলজি কোর্স সংখ্যা | মন্ত্রণালয় ও কা.শি.অ. এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.১] নতুন নতুন বিশ্ববিদ্যালয় (প্রকৌশল ও প্রযুক্তি, কৃষি ও সাধারণ) স্থাপন | [৩.১.১] প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় | নতুন বিশ্ববিদ্যালয় (প্রকৌশল ও প্রযুক্তি, ডিজিটাল, কৃষি ও সাধারণ) স্থাপন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন এর পরিমাপ পদ্ধতির আলোকে প্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয় সংখ্যা | মন্ত্রণালয় ও ইউ.জি.সি. এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] বিশ্ববিদ্যালয়সমূহের ভৌত অবকাঠামো উন্নয়ন | [৩.২.১] ভৌত অবকাঠামো উন্নয়ন | বিশ্ববিদ্যালয়ের ভৌত অবকাঠামোগত সুবিধা সুবিধা সম্প্রসারণ, যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সরবরাহ | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন এর পরিমাপ পদ্ধতির আলোকে ভৌত অবকাঠামো উন্নয়ন সংখ্যা | মন্ত্রণালয় ও ইউ.জি.সি. এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] বিশ্ববিদ্যালয়সমূহে বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সরবরাহ | [৩.৩.১] বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সরবরাহ | বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে আইসিটি-আইট কোর্স প্রবর্তন এবং নতুন বিভাগ চালু | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন এর পরিমাপ পদ্ধতির আলোকে বৈজ্ঞানিক যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি সরবরাহ সংখ্যা | মন্ত্রণালয় ও ইউ.জি.সি. এর বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৪] বিশ্ববিদ্যালয়সমূহে আই.সি.টি./আই.টি. কোর্স চালুকরণ | [৩.৪.১] আই.সি.টি./আই.টি. কোর্স চালু | দেশের বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থী ও গবেষকদের মধ্যে অনুসন্ধানী তত্ত্ব ও উপাত্ত বিনিময়ের মাধ্যমে সামাজিক গবেষণার ক্ষেত্র তৈরির জন্য একটি নেটওয়ার্ক চালু | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন এর পরিমাপ পদ্ধতির আলোকে চালুকৃত আই.সি.টি./আই.টি. কোর্স সংখ্যা | মন্ত্রণালয় ও ইউ.জি.সি. এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.৫] বিশ্ববিদ্যালয়সমূহে নতুন বিভাগ চালুকরণ | [৩.৫.১] নতুন বিভাগ চালু | শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন ইস্যুর উপর গবেষণা | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন এর পরিমাপ পদ্ধতির আলোকে চালুকৃত নতুন বিভাগ সংখ্যা | মন্ত্রণালয় ও ইউ.জি.সি. এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.৬] দেশের বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থী ও গবেষকদের মধ্যে অনুসন্ধানী তত্ত্ব ও উপাত্ত বিনিময়ের মাধ্যমে সামাজিক গবেষণার ক্ষেত্র তৈরির জন্য একটি নেটওয়ার্ক চালু | [৩.৬.১] নেটওয়ার্ক চালু | গবেষণার ক্ষেত্র তৈরির জন্য একটি নেটওয়ার্ক চালু | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন এর পরিমাপ পদ্ধতির আলোকে চালুকৃত নেটওয়ার্ক সংখ্যা | মন্ত্রণালয় ও ইউ.জি.সি. এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.৭] শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা | [৩.৭.১] গবেষণা সম্পাদন | শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত বিভিন্ন বিষয়ের উপর গবেষণা | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন এর পরিমাপ পদ্ধতির আলোকে সম্পাদিত গবেষণা সংখ্যা | মন্ত্রণালয় ও ইউ.জি.সি. এর বার্ষিক প্রতিবেদন |
| [৩.৮] প্রাতিষ্ঠানিক পর্যায়ে মান নিশ্চিতকরণ ব্যবস্থাপনা সেলের মাধ্যমে একাডেমিক প্রোগ্রাম মূল্যায়ন | [৩.৮.১] মূল্যায়িত একাডেমিক প্রোগ্রাম | প্রাতিষ্ঠানিক পর্যায়ে মান নিশ্চিতকরণ ব্যবস্থাপনা সেলের মাধ্যমে একাডেমিক প্রোগ্রাম মূল্যায়ন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন এর পরিমাপ পদ্ধতির আলোকে একাডেমিক প্রোগ্রাম সংখ্যা | মন্ত্রণালয় ও ইউ.জি.সি. এর বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে বিদ্যালয়ের কৃতি ভিত্তিক ব্যবস্থাপনা পদ্ধতি (পি.বি.এম.) প্রবর্তন ও আই.সা.স. রিপোর্ট প্রণয়ন | [৪.১.১] অর্ন্তভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান | মাধ্যমিক পর্যায়ে সকল প্রতিষ্ঠানে স্কুল পারফরমেন্স বেইজ ম্যানেজমেন্ট সিস্টেম এন্ড স্কুল বেইজ এ্যাসেসমেন্ট (এস.পি.বি.এম. এন্ড এস.বি.এ.) ব্যবস্থা প্রবর্তন | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এর পরিমাপ পদ্ধতির আলোকে শিক্ষা প্রতিষ্ঠান সংখ্যা | মন্ত্রণালয় ও মা.উ.শি.অ. এর বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] শিক্ষা সংক্রান্ত গবেষণা পরিচালনা | [৪.২.১] পরিচালনাকৃত গবেষণা | শিক্ষা সংক্রান্ত গবেষণা পরিচালনা, মূল্যায়ন, প্রশিক্ষণ, আন্তর্জাতিক ও স্থানীয় সভা-কর্মশালা আয়োজন | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন ও ন্যাশনাল একাডেমি ফর এডুকেশনাল ম্যানেজমেন্ট | ইউনিভার্সিটি গ্রান্টস কমিশন ও ন্যাশনাল একাডেমি ফর এডুকেশনাল ম্যানেজমেন্ট এর পরিমাপ পদ্ধতির আলোকে পরিচালনাকৃত গবেষণা সংখ্যা | মন্ত্রণালয়, ইউ.জি.সি. ও নায়েম এর বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন ও নিরীক্ষা | [৪.৩.১] পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান | বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন ও নিরীক্ষা | ডাইরেক্টরেট অফ অডিট এন্ড ইন্সপেকশন | ডাইরেক্টরেট অফ অডিট এন্ড ইন্সপেকশন এর পরিমাপ পদ্ধতির আলোকে পরিদর্শিত শিক্ষা প্রতিষ্ঠান সংখ্যা | মন্ত্রণালয় ও ডি.আই.এ. এর বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৫.১] নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরে উপযুক্ত ছাত্র-ছাত্রীদের এবং উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি স্তরে ছাত্রীদের উপবৃত্তি প্রদান | [৫.১.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক স্তরে উপযুক্ত ছাত্র-ছাত্রীদের এবং উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী স্তরে ছাত্রীদের উপবৃত্তি-বৃত্তি প্রদান | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তর | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তর এর পরিমাপ পদ্ধতির আলোকে উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী সংখ্যা | মন্ত্রণালয়, মা.উ.শি.অ. ও কা.শি.অ এর বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] পাবলিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষার্থীদের বৃত্তি প্রদান | [৫.২.১] বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী | পাবলিক পরীক্ষার ভাল ফলাফলের ভিত্তিতে শিক্ষার্থীদের বৃত্তি প্রদান | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তর | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তর এর পরিমাপ পদ্ধতির আলোকে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী সংখ্যা | মন্ত্রণালয়, মা.উ.শি.অ. ও কা.শি.অ. এর বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | ভূমি মন্ত্রণালয় | | শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণের জন্য প্রয়োজনীয় ভূমি বরাদ্দ অথবা অধিগ্রহণ | নতুন শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণের জন্য ভূমি প্রয়োজন | ভূমি অধিগ্রহণে জটিলতা |